67

তারিখ 02 AUG 1997
পৃষ্ঠা 7 কলাম 6

দৈনিক ইনকিলাব



*শিল্পী রং, তুলি দিয়ে গভীর মনোযোগে, আঁকছেন শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমানের ছবি। পাশে অংকিত রয়েছে মরহুম প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমানের ছবি। ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল গেটের দেয়াল থেকে গতকাল এ ছবিটি তোলা হয়।* —ইনকিলাব

## সূর্যসেন হলগেটে শেখ মুজিবের ছবির পাশে আঁকা হয়েছে জিয়ার ছবি

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হলগেটের দেয়ালে পাশাপাশি অঙ্কিত হয়েছে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান ও মরহুম প্রেসিডেন্ট শেখ মুজিবুর রহমানের ছবি। শেখ মুজিবের ছবির পাশে গতকাল আঁকা শেষ হয়েছে জিয়ার ছবি। সূর্যসেন হলে ছাত্রদল-ছাত্রলীগ সমঝোতা চুক্তির মাধ্যমে দু'সংগঠনের নেতা-কর্মীদের শান্তিপূর্ণ সহাবস্থানের পর হলগেটে দুই জাতীয় নেতার ছবি পাশাপাশি অবস্থান ঢাকা বিশ্ববিদ্যালয়ের ইতিহাসে একটি বিরল নজির। এক সপ্তাহ আগে মুজিববাদী ছাত্রলীগ ছাত্রদলকে হটিয়ে সূর্যসেন হল দখলের পর হলগেটের দেয়াল থেকে জিয়াউর রহমানের ছবি মুছে ফেলা হয় এবং সেখানে শেখ মুজিবুর রহমানের ছবি আঁকা হয়। এর পর ছাত্রদল-ছাত্রলীগ সমঝোতা অনুযায়ী বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের ব্যবস্থাপনায় শেখ মুজিবের, ছবির পাশে জিয়ার ছবি এঁকে দেয়া হয়। গত বুধবার রাতে জিয়ার ছবি আঁকা শুরু হয় এবং বৃহস্পতিবার রাত ও গতকাল তা এঁকে শেষ করা হয়।

## সূর্যসেন হল শান্ত

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ ঢাকা বিশ্ববিদ্যালয়ের সূর্যসেন হল পরিস্থিতি শান্ত রয়েছে। ছাত্রদল-ছাত্রলীগ সমঝোতা চুক্তি অনুযায়ী গত বৃহস্পতিবার হলের পরিচয়পত্রধারী ছাত্রদের হলে উঠানোর পর, সেই রাতে দুই সংগঠনের কর্মীরা হলে শান্তিপূর্ণভাবে সহাবস্থান করে। তবে দু'পক্ষের মাঝেই চাপা উত্তেজনার কারণে হলে থমথমে পরিস্থিতি বিরাজ করে। হলে স্বাভাবিক অবস্থা ফিরিয়ে আনতে সমঝোতা চুক্তি অনুযায়ী ছাত্রদলের সাধারণ সম্পাদক হাবিবুন্নবী সোহেল, বিশ্ববিদ্যালয় শাখার যুগ্ম-আহবায়ক সেলিমুজ্জামান সেলিম এবং মুজিববাদী ছাত্রলীগের সাংগঠনিক সম্পাদক অজয় কর খোকন বৃহস্পতিবার রাতে হলে অবস্থান করেন। গতকাল হলে স্বাভাবিক পরিস্থিতি বিরাজ করে।